# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 08.08.2024 Time: 7.35A.M.**

**বিশেষ বিশেষ খবর –**

১) একগুচ্ছ কর্মসূচী নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দুদিনের সফরে ঝাড়গ্রাম যাচ্ছেন। # ৩০০ কোটি টাকার নানা প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন তিনি। # যোগ দেবেন বিশ্ব আদিবাসী দিবসের অনুষ্ঠানে।

২/ ডেঙ্গু ও ম্যালেরিয়ার মতো পতঙ্গবাহিত রোগ মোকাকাবিলায় বৈঠকে বসতে চলেছে রাজ্য সরকার।

৩/ রাজ্য মন্ত্রিসভায় রদবদল। নতুন সেচমন্ত্রী মানস ভুইঞা। দায়িত্ব বেড়েছে একাধিক মন্ত্রীর।

৪/ পশ্চিমবঙ্গে ভারত-বাংলাদেশ সীমান্তের বেশিরভাগ জায়গায় দু-দেশের মধ্যে আমদানি-রপ্তানি শুরু হওয়ায় স্বস্তিতে ব্যবসায়ীরা।

৫/ নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখার প্রভাবে, উত্তরবঙ্গে আজ অতিভারী বর্ষণের পূর্বাভাস।

৬/ ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট আজ ইন্ডিয়ান এয়ারফোর্স-এর মুখোমুখি হচ্ছে।

*************************************************************

একগুচ্ছ কর্মসূচি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ দুদিনের সফরে ঝাড়গ্রাম যাচ্ছেন। আগামীকাল ঝাড়গ্রামে রাজ্য সরকারের তরফে 'বিশ্ব আদিবাসী দিবসে'র মূল অনুষ্ঠানে যোগ দেবেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠান মঞ্চ থেকেই জেলার উন্নয়নের জন্য ৩০০ কোটি টাকা প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। যার মধ্যে ১২০ কোটি টাকার প্রকল্পের শিলান্যাস হবে এবং উদ্বোধন হবে ১৮০ কোটি টাকার প্রকল্পের। ঝাড়গ্রাম থেকেই মুখ্যমন্ত্রী রাজ্যের অনান্য জেলার জন্যও প্রায় ১০০০ কোটি টাকার নানা প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন। প্রাথমিকভাবে হেলিকপ্টারে ঝাড়গ্রাম যাওয়ার কথা থাকলেও আবহাওয়া অনুকূল না থাকলে সড়কপথেই যাবেন মুখ্যমন্ত্রী।

**********************

রাজ্যের গ্রামীণ এলাকায় ডেঙ্গু ম্যালেরিয়ার মোকাবিলায় পঞ্চায়েত দফতর একটি বিশেষ অ্যাপ চালু করেছে। এই অ্যাপের মাধ্যমে মশাবাহিত রোগ নির্মূল করার দায়িত্বে থাকা কর্মীদের কাজের ওপর সরাসরি নজর রাখা হবে। পাশাপাশি, পঞ্চায়েত স্তরের কর্মীরা যে সব জায়গায় গিয়ে সমীক্ষা চালিয়েছেন, সেখান থেকেই তাঁদের ওই অ্যাপে যাবতীয় তথ্য আপলোড করতে বলা হয়েছে। পুর এলাকাগুলিতে মশাবাহিত রোগের প্রকোপ দেখা দিলে তার মোকাবিলা এবং ডেঙ্গুর মশার লার্ভা ধ্বংস করার কাজে সরাসরি হস্তক্ষেপ করে পুর ও নগরোন্নয়ন দফতর। কিন্তু পঞ্চায়েত এলাকায় স্বাস্থ্য দফতরের কাছে যেতে হয়। আর সেকারণেই এই অ্যাপ চালু করা হয়েছে।

**********************

মুর্শিদাবাদের সামশেরগঞ্জের মধ্য চাচন্ড গ্রামের এক কলেজ পড়ুয়ার ডেঙ্গুতে মৃত্যু হয়েছে। দিন কয়েক ধরেই প্রবল জ্বরে ভুগছিল সোহেল রানা নামের বছর ১৯ এর ওই যুবক। গত সোমবার তার রক্ত পরীক্ষায় ডেঙ্গু ধরা পরে। এরপরই তাকে ভর্তি করা হয় সুতির মহেশাইল গ্রামীণ হাসপাতালে। অবস্থার অবনতি হওয়ায় মঙ্গলবার সোহেলকে উমরপুর তালাই মোড় সংলগ্ন বেসরকারি হাসপাতালে নিয়ে যান পরিবারের লোকেরা। সেখানেই রাতে মৃত্যু হয় তার।

এদিকে, হুগলীর বলাগড় থানার জিরাট গ্রামীণ হাসপাতালে সাধনা দাস নামে এক মহিলার ডেঙ্গি-তে আক্রান্ত হয়ে মৃত্যু হয়েছে। তিনি বলাগড় গুপ্তিপাড়া দু-নম্বর গ্রাম পঞ্চায়েতের মাঠ ফতেপুর এলাকার বাসিন্দা।

**********************

রাজ্য মন্ত্রিসভায় বেশ কিছু রদবদল করা হয়েছে। দায়িত্ব বেড়েছে কয়েকজন মন্ত্রীর। রাজ্যের নতুন সেচমন্ত্রী হয়েছেন মানস ভুঁইঞা। একই সঙ্গে জলসম্পদ উন্নয়ন দফতরের দায়িত্বও তিনি পালন করবেন। আগে সেচ ও শিল্প পুনর্গঠন দফতর ছিল পার্থ ভৌমিকের হাতে। তিনি এখন ব্যারাকপুরের সাংসদ। তাই তাঁর হাতে থাকা দুটি দফতর ভাগ করে মানস ভুঁইঞা ও বাবুল সুপ্রিয়র হাতে দেওয়া হয়েছে।

অর্থ দফতরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এখন থেকে পরিবেশ দফতরেরও স্বাধীন দায়িত্ব পালন করবেন। একইসঙ্গে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, ভূমি ও ভূমি সংস্কার দফতরের প্রতিমন্ত্রীর দায়িত্বও থাকছে তাঁর হাতে।

পরিবেশ দফতরের মন্ত্রী মহম্মদ গোলাম রব্বানিকে অচিরাচরিত শক্তি দফতরের দায়িত্ব দেওয়া হয়েছে। বাবুল সুপ্রিয় ছিলেন তথ্যপ্রযুক্তি দফতরের মন্ত্রী। অতিরিক্ত হিসেবে শিল্প পুনর্গঠন দপ্তরের দায়িত্বও পেলেন তিনি। এই মর্মে নবান্ন থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

মন্ত্রিসভার এই রদবদল রাজ্যপালের অনুমোদনের জন্য বেশ কিছুদিন আটকে ছিল বলে প্রশাসনিক সূত্রে খবর। অবশেষে রাজ্যপালের অনুমোদন মেলায় আনুষ্ঠানিকভাবে তা ঘোষণা করা হলো।

**********************

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রয়োজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং

আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

**********************

শেখ হাসিনা সরকারের পতনের পর অশান্ত বাংলাদেশের পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হতেই কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে আমদানি-রপ্তানি শুরু হয়েছে। পরিস্থিতির উন্নতি হওয়ায় খুশি ব্যবসায়ীরা। অন্যদিকে চ্যাংড়াবান্ধা ইমিগ্রেশন চেকপোস্ট দিয়ে দু'পারের মানুষ যাতায়াত শুরু করেছেন ঠিকই, তবে সংখ্যা অনেকটাই কম শিলিগুড়ি সংলগ্ন ফুলবাড়ি সীমান্ত দিয়েও গতকাল শুরু হয়েছে ভারত বাংলাদেশ আমদানি-রপ্তানি। স্বস্তিতে ব্যবসায়ী মহল। তবে এই কয়েক দিনে অন্তত চার কোটি টাকার ক্ষতি হয়েছে বলে খবর।

মালদার মহদিপুর সীমান্তে দু'দিন বাণিজ্য বন্ধ থাকার পর শুরু হল ভারত-বাংলাদেশ রপ্তানি। বাংলাদেশ থেকে সবুজ সংকেত মেলায় ভারত থেকে পণ্যবাহী লরি পাঠানো শুরু হয়।

এদিকে, উত্তর ২৪ পরগণার বনগাঁর পেট্রাপোল সীমান্তে আমদানি রপ্তানি বন্ধ থাকায় নষ্ট হল ৫০ লক্ষ টাকার মাছ।

দেশের অন্যতম গুরুত্বপূর্ণ ও বৃহত্তম স্থলবন্দর পেট্রাপোলের গেট পণ্যবাহী ট্রাকের জন্য বন্ধ থাকে।

তবে, বসিরহাটের ঘোজাডাঙ্গা সীমান্তে আমদানী-রপ্তানি বাণিজ্য স্বাভাবিক রয়েছে। যাতায়েত'ও স্বাভাবিক।

**********************

বিজেপি, বাংলাদেশে রবীন্দ্রনাথের মূর্তি ভাঙার নিন্দা করেছে। কলকাতায় গতকাল রাজ্য বিজেপির সদর কার্যালয়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের তিরোধান দিবস পালন উপলক্ষে এক অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, গত দুদিন ধরে বাংলাদেশে যেভাবে কবিগুরুর মূর্তি ভেঙে ফেলা হচ্ছে তা অত্যন্ত দুঃখের বিষয়।

( বাইট- শুভেন্দু)

রাজ্যে তথাকথিত রবীন্দ্র প্রেমী বুদ্ধিজীবীরা কবে এর প্রতিবাদে রবীন্দ্রসদন থেকে মোমবাতি নিয়ে মিছিল করবে বিরোধী দলনেতা সেই প্রশ্ন তোলেন। বিরোধী দলনেতা বলেন, দিল্লিতে তিনি জাতীয় নিরাপত্তা পরিষদের সদস্য ও কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে বাংলাদেশে হিন্দুদের ও হিন্দু মন্দিরগুলির সুরক্ষায় পদক্ষেপ গ্রহণের আর্জি জানিয়েছেন।

**********************

কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রক, বাঁকুড়ার বিষ্ণুপুরে একটি হ্যান্ডলুম ভিলেজ গড়ে তুলছে। কলকাতায় গতকাল 'জাতীয় হ্যান্ডলুম দিবস' উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানে 'ওয়েভার সার্ভিস সেন্টারে'র উপ অধিকর্তা লক্ষণচন্দ্র বসাক বলেন, হ্যান্ডলুম ভিলেজ বস্ত্র মন্ত্রকের একটি প্রকল্প। এর লক্ষ্য, তাঁত শিল্পীদের সামগ্রিক উন্নয়ন। বিষ্ণুপুরের তাঁত শিল্প ও শিল্পীদের তুলে ধরতে এই হ্যান্ডলুম ভিলেজ গড়ে তোলা হবে।

( বাইট- লক্ষণচন্দ্র বসাক )

তাঁত শিল্পীদের সুবিধার্থে উন্নত যন্ত্র দেওয়া হবে এবং তাদের তৈরি তাঁত বস্ত্র বিক্রির ব্যবস্থা করা হবে। আগামীদিনে কাটোয়া ও ফুলিয়াতেও এ ধরণের হ্যান্ডলুম ভিলেজ গড়ে তোলার পরিকল্পনা রয়েছে বলে শ্রী বসাক জানান।

উল্লেখ্য, কেন্দ্রীয় ও রাজ্য সরকার যৌথভাবে এই প্রকল্পে কাজ করছে। রাজ্যের 'ডাইরেক্টরেট অফ টেক্সটাইলে'র যুগ্ম অধিকর্তা আশীষ নারায়ন ব্যানার্জি জানিয়েছেন, বালুচরী শিল্পের প্রসারে এবং মন্দিরনগরী হিসেবে বিষ্ণুপুরকে আরও আকর্ষণীয় করে তুলতে এই প্রকল্প হাতে নেওয়া হয়েছে।

**********************

এরাজ্যের চটকল শ্রমিক ও পাট চাষীদের সংকট নিয়ে রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার চরম উদাসীন বলে 'বেঙ্গল চটকল মজদুর ফোরাম'- BCMF অভিযোগ করেছে।

ফোরামের সভাপতি নবেন্দু দাশগুপ্ত বলেন, রাজ্যে ১০২ টি চটকলে প্রায় আড়াই লক্ষ শ্রমিক ও চট শিল্পের সঙ্গে চল্লিশ লক্ষ কৃষক যুক্ত আছে। রাজ্য সরকারকে অবিলম্বে চটকল ও পাট চাষীদের স্বার্থে ইতিবাচক ভূমিকা গ্রহণ করা উচিত বলে নবেন্দু বাবু মন্তব্য করেছেন। এদিকে, জুট শিল্প ও পাট চাষীদের স্বার্থ রক্ষায় এবং পরিবেশ বাঁচানোর লক্ষ্যে সিপিআই(এম-এল) সাংসদ রাজারাম  সিং কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রীকে চিঠি পাঠিয়েছেন।

**********************

পুরুলিয়া মেডিক্যাল কলেজ ও হাসপাতালের SNCU বা ‘স্পেশাল নিউবর্ন কেয়ার ইউনিটে’ গতকাল আগুন লাগে। এই ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক চাঞ্চল্য ছড়ায়। নবজাতক শিশু বিভাগের মূল দরজার বাইরে রাখা একটি ড্রায়ার মেশিনে প্রথমে আগুন লাগে। দমকলের একটি ইঞ্জিন নিয়ে হাসপাতালে পৌঁছন দমকল বিভাগের কর্মীরা। অল্পের জন্য বড়সর দুর্ঘটনার হাত থেকে রক্ষা পায় হাসপাতালটি।

**********************

বীরভূমের তারাপীঠের নিমা পাকুড়িয়া এলাকায় দুদিন নিখোঁজ থাকার পর সেচ নালা থেকে এক যুবকের মৃতদেহ উদ্ধার হয়েছে। রাজু মাল নামে ওই ব্যক্তি গত ৫’ই আগস্ট বিকেলে কাজে বেরিয়ে আর বাড়ি ফেরেননি। পরিবারের লোকেরা তারাপীঠ থানায় নিখোঁজ ডায়েরী করেন। গতকাল সকালে জমিতে কাজ করতে যাওয়ার সময় কয়েকজন কৃষক সেচ নালার জলে রাজুর মৃতদেহ ভাসতে দেখে পুলিশে খবর দেন। পুলিশ ঘটনার তদন্ত করছে।

**********************

নদীয়ার শান্তিপুরের ফুলিয়ায় নতুন চটকাতলা এলাকায় গতসন্ধ্যায় এক বস্ত্র ব্যবসায়ীর বাড়িতে ডাকাতির অভিযোগ উঠেছে।

জানা গেছে, বাইকে করে তিন ডাকাত কাপড় ব্যবসায়ী বাপী বসাকের বাড়িতে ঢুকে পড়ে। আগ্নেয়াস্ত্র দেখিয়ে ১০ থেকে ১২ ভরি সোনার গহনা এবং ২৫ হাজার টাকার’ও বেশী লুট করে পালিয়ে যায় ডাকাতরা।  ডাকাতির সময় বাপী বসাক বাড়ি ছিলেন না বলে জানা গেছে। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

**********************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন ঝাড়খন্ড ও উত্তর ওড়িশার ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে একটি নিম্নচাপ ক্ষেত্র তৈরি হওয়ার সম্ভাবনা। পাশাপাশি উত্তর পশ্চিম রাজস্থান থেকে পূর্ব বিহার পর্যন্ত বিস্তৃত রয়েছে মৌসমী অক্ষরেখা। এর জেরে উত্তরবঙ্গে আগামীকাল পর্যন্ত বেশিরভাগ জায়গায় ভারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। দার্জিলিং, কালিম্পং, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ার জেলায় আজ ভারি থেকে অতিভারি বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে।

দক্ষিণবঙ্গেও বেশিরভাগ জেলাতেই আগামীকাল পর্যন্ত হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা। শনিবার থেকে বৃষ্টি বাড়তে পারে।

**********************

ডুরান্ড কাপ ফুটবলের গ্রুপ লীগ ম্যাচে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, ইন্ডিয়ান এয়ারফোর্স-এর মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল চারটেয়।

গতকাল যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল ৩-১ গোলে ডাউনটাউন হিরোজকে হারিয়ে দিয়েছে।

*****************************************************************